

লালপুর উপজেলার এলজিইডি'র বিভিন্ন সড়কের পার্শ্বে মরা, ঝুঁকিপূর্ণ গাছ নিলামে বিক্রয়ের জন্য বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের/আগ্রহী কাঠ ব্যবসায়ী ব্যক্তিগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক, নাটোর মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখার ২০ মার্চ ২০২৪ তারিখের ০৫.৪৩.৬৯০০.০১১.৩১.০০১.১৬.১৭১ পত্রের নির্দেশনা অনুযায়ী লালপুর উপজেলার এলজিইডি'র উল্লেখিত বিভিন্ন সড়কের পার্শ্বে মরা, ঝুঁকিপূর্ণ গাছ যথাক্রমে ১) দুয়ারিয়া বাজার হতে কলসনগর হয়ে আহম্মদপুর-গোপালপুর রাস্তার- ২৩ টি ২) তোফা কাটা যাত্রী ছাউনি হতে বিজয়পুর রাস্তার-১৭ টি ৩) ভেল্লাবাড়ীয়া হতে বিলমাড়ীয়া রাস্তার-৫৮ টি ৪) লালপুর ঠাকুরের মোড় হতে সালামপুর হয়ে আব্দুলপুর রেলগেট পর্যন্ত রাস্তার-৫৫ টি ৫) পোড়াসাকো মোড় হতে ভেল্লাবাড়ীয়া কাচা রাস্তা পর্যন্ত রাস্তার-১৩ টি ৬) বাঁশবাড়ীয়া, দাইড়পাড়া হতে সালামপুর পর্যন্ত রাস্তার-১২ টি এবং ৭) সালামপুর হতে রাধাকান্তপুর হয়ে জামতলা বাজার পর্যন্ত রাস্তার-০৮ টি সর্বমোট ১৮৬ (এক শত ছিয়াশি) টি চিহ্নিত মরা, ঝুঁকিপূর্ণ গাছ নিলামে বিক্রয়ের জন্য আগামী ২৭/০৫/২০২৪ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে খোলা ডাক অনুষ্ঠিত হবে। খোলা ডাকে অংশগ্রহণকারীগণকে নগদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা জামানত জমা প্রদান পূর্বক ডাকে অংশগ্রহণ করতে হবে (যা ফেরতযোগ্য)। ডাকে অংশগ্রহণ করার পূর্বে সংশ্লিষ্ট রাস্তার চিহ্নিত মরা, ঝুঁকিপূর্ণ গাছসমূহ সরেজমিন পরিদর্শন পূর্বক ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী:

১. ডাকে অংশগ্রহণ করার পূর্বে জামানত হিসেবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা জমা দিতে হবে যা ফেরতযোগ্য;
২. সর্বোচ্চ ডাককারীর অনুকূলে গাছ কর্তনের জন্য কার্যাদেশ প্রদান করা হবে;
৩. ডাক শেষ হওয়ার সঙ্গে সঙ্গে গাছের সমুদয় টাকা পরিশোধ করতে হবে;
৪. সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ ডাককারীকে প্রদত্ত মূল্যের উপর ১০% আয়কর ও ৭.৫% হারে ভ্যাট অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।
৫. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম ডাক/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(শারমিন আখতার)

উপজেলা নির্বাহী অফিসার

লালপুর, নাটোর

টেলিফোন নম্বর-০২৫৮৮৮-৭৫৪০১

ই-মেইল: unolalpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালপুর, নাটোর।
www.lalpur.natore.gov.bd

স্মারক সংখ্যা : ০৫.৪৩.৬৯৪৪.০০০.০২.০২০.২২- ৩৩৬ (৩৫)

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩১
০৮ মে ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। জেলা প্রশাসক, নাটোর।
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, নাটোর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালপুর, নাটোর।
- ৪। মেয়র, গোপালপুর পৌরসভা, লালপুর, নাটোর।
- ৫। চেয়ারম্যান (সকল).....ইউপি, লালপুর, নাটোর।
- ৬। উপজেলা.....কর্মকর্তা, লালপুর, নাটোর।
- ৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.....ইউনিয়ন ভূমি অফিস, লালপুর, নাটোর। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য।
- ৮। অফিস নথি।

(শারমিন আখতার)

উপজেলা নির্বাহী অফিসার

লালপুর, নাটোর।